


## সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫'-এর আলোকে মুন্সীগঞ্জ জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	উপজেলার নাম	ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন	শূন্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা.....ওয়ার্ড
১.	টংগিবাড়ি	আড়িয়াল	৭,৮,৯ (সিংহেরনন্দন)
২.		পাঁচগাও	৭,৮,৯ (দশোত্তর)
৩.		হাসাইল বানারী	৭,৮,৯ (বানারী)
৪.	শ্রীনগর	বাড়িখালি	৭,৮,৯ (মদনখালি)
৫.		ঘোলঘর	৭,৮,৯ (কেয়টখালী)
৬.		পাটাজেগ	৭,৮,৯ (কামারখোলা)
৭.		বীরতারা	১,২,৩ (সাতগাও)
৮.		শ্যামসিদ্ধি	৬,৭,৮ (শ্যামসিদ্ধি)
৯.		শ্রীনগর	১,২,৩ (আরধীপাড়া)
১০.		কোলাপাড়া	৭,৮,৯ (দক্ষিণ পাইকসা)
১১.		ভত্তর	৪, ৫, ৬ (ব্রাহ্মণখোলা)
১২.		বাঘড়া	৭,৮,৯ (বরিরবাখোলা)
১৩.		মেদিনীমন্ডল	৪, ৫, ৬ (কাজিরপালা)
১৪.	লৌহজং	কুমারভোগ	১,২,৩ (খড়িয়া)
১৫.		হলদিয়া	৪,৫,৬ (মৌছামাছা)
১৬.		লৌহজং-তেউটিয়া	৭,৮,৯ (ব্রাহ্মণগাও)
১৭.		বেজগাঁও	৪,৫,৬ (ভোগদিয়া)
১৮.			৭,৮,৯ (আটিগাঁও)
১৯.	গজারিয়া	বালুয়াকান্দি	৪,৫,৬ (ইউনিট ২)
২০.		টেংগারচর	১, ২, ৩ (ইউনিট ১)
২১.		ভবরচর	১,২,৩ (ইউনিট ১)
২২.		বাউশিয়া	৪,৫,৬ (ইউনিট ২)

### শর্তাবলি :

- সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫'-এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।
  - আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫-এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।
- (গ) যোগ্যতা :
- আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।
  - নিজ মালিকানাধীন অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিট) কমপক্ষে ৫০ বৈ.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না,
  - বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;
  - আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক স্বচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
  - ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;
  - আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
  - আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং
  - আবেদনকারীর টিআইএন থাকতে হবে।
- (ঘ) অযোগ্যতা :
- ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বের ব্যবসায় অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোন আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাজেগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
  - কোনো সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না;
  - সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবে না। এক্ষেত্রে পরিবারে সংজ্ঞা দেশে বিন্যাস প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে; এবং
- (ঙ) একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলার সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আবেদনকারী বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আবেদনকারী বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনিবার্হিত আবেদনকারীদের আবেদনকারী বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আবেদনকারী ডিলার নিয়োগের তৃষ্টি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।
- (চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান :
- ১৫.০৩.২০২৬ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকা পর্যন্ত;
  - উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ কার্যালয়ে আবেদন জমা করতে হবে। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
সৈয়দা নূরমহল আশরাফী  
জেলা প্রশাসক  
ও  
সভাপতি  
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি  
মুন্সীগঞ্জ  
ফোন : ৯৯৭৭৩১১০০  
ই-মেইল : dcmunshiganj@mopa.gov.bd